

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 20 April, 2025

ছয় দফা দাবি আগামী ৪৮ ঘণ্টার মধ্যে না মানলে ‘লং মার্চ টু ঢাকা’ কর্মসূচি ডাকার হুঁশিয়ারি দিয়েছেন পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা।

রোববার (২০ এপ্রিল) দুপুর ১২টার দিকে রাজধানীর আগারগাঁওয়ে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের সামনে মহাসমাবেশ থেকে এই হুঁশিয়ারি দেন কারিগরি ছাত্র আন্দোলনের প্রতিনিধি নিশান রহমান।

তিনি বলেন, ‘৪৮ ঘণ্টার মধ্যে আমাদের ছয় দাবি নিয়ে কোনো সমাধান না এলে ‘লং মার্চ টু ঢাকা’ কর্মসূচির ডাক দেয়া হবে।

এ সময় কারিগরি ছাত্র আন্দোলনের প্রতিনিধি হাবিবুর রহমান বলেন, ‘আমরা সব ধরনের এসি রুমের আলোচনা বয়কট করলাম। দাবি না মানলে আমরা কঠোর কর্মসূচি দিব।

তিনি আরও বলেন, ‘কারিগরি সেক্টরের বৈষম্য দূর হলেই আমরা এসব ছেড়ে ক্লাসে ফিরে যাব। আমরা আর মৌখিক আশ্বাসে বিশ্বাস করছি না।

এর আগে সকাল থেকে কারিগরি শিক্ষা বোর্ডের অধীন রাজধানীর বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিকের শিক্ষার্থীরা ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের সামনে জড়ো হতে শুরু করেন। বেলা ১১টার পর থেকে তারা সেখান থেকে বিক্ষোভ মিছিল বের করেন।

মিছিলটি রাজধানীর আগারগাঁওয়ে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের সামনে গিয়ে সমাবেশে যোগ দেয়। এ সময় তাদের হাতে দাবি-দাওয়া সম্বলিত বিভিন্ন প্ল্যাকার্ড দেখা গেছে। ‘আমি কে

তুমি কে, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং, 'তেরোর হাতিয়ার, গর্জে ওঠো আরেকবার', 'দেশ গড়ার হাতিয়ার, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার', 'এক হও এক হও, পলিটেকনিক এক হও'সহ নানা স্লোগানে মুখরিত হয়ে ওঠে সমাবেশ এলাকা।

শিক্ষার্থী ছয় দফা লং মার্চ টু ঢাকা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 18:48

URL: <https://www.timestodaybd.com/bangladesh/7130751107>